তারিখ 19 AUG 2016 পৃষ্ঠা 20 কলাম 6

যুগান্তর

# দিনাজপুর বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ বেড়েছে

রংপুর ব্যুরো ও দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর শিক্ষা বোর্ডে ২০১৬ সালের এইচএসসি পরীক্ষায় গড় পাসের হার ৭০ দশমিক ৬৪ শতাংশ। বৃহস্পতিবার বেলা ১টায় শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. তোফাজ্জুর রহমান আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৬ সালের এইচএসসি পরীক্ষায় ১ লাখ ৪ হাজার ৬৭৪ পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১ লাখ ৩ হাজার ৯৬ জন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৭২ হাজার ৮২৯ জন পরীক্ষার্থী। গড় পাসের হার ৭০ দশমিক ৬৪ শতাংশ। তবে এবার এ বোর্ডের অধীনে ৮টি কলেজ থেকে কেউই পাস করতে পারেনি। ছাত্রদের তুলনায় ছাত্রীদের গড় পাসের হার বেশি। ছাত্রীদের পাসের হার ৭৩.২৩ শতাংশ এবং ছাত্রদের পাশের হার ৬৮.৩৩ শতাংশ। তবে এবার পাসের হার ও জিপিএ-৫ গত বছরের চেয়ে সামান্য বেড়েছে। এবার জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৮৯৯ জন। গতবার পেয়েছিল ২ হাজার ৩৯৫ জন শিক্ষার্থী। তবে এবার জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রদের সংখ্যা বেশি। ছাত্রদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৩৩৪ জন ও ছাত্রীদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৫৬৫ জন। বিজ্ঞান বিভাগে ২৫ হাজার ৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৯ হাজার ৪০৩ জন।